**প্রেস রিলিজ**

তারিখ: ১৪ জুলাই ২০২৬

**বাউবি'র এইচএসসি পরীক্ষা-২০২৬ নকলমুক্ত, স্বচ্ছ ও সুশৃঙ্খলভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রস্তুতিমূলক সমন্বয় সভা অনুষ্ঠিত**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা-২০২৬ সম্পূর্ণ নকলমুক্ত, স্বচ্ছ, সুশৃঙ্খল এবং পরীক্ষার্থীবান্ধব পরিবেশে আয়োজন নিশ্চিত করার লক্ষ্যে আজ ১৪ জুলাই ২০২৬ (মঙ্গলবার) সকাল ১০:৩০টায় অনলাইনে (জুম প্ল্যাটফর্ম) এক গুরুত্বপূর্ণ প্রস্তুতিমূলক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত হয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান সংশ্লিষ্ট সকলের উদ্দেশে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বাউবি'র এইচএসসি পরীক্ষা-২০২৬ যে কোন মূল্যে নকলমুক্ত, বৈষম্যহীন, সুষ্ঠু ও গ্রহণযোগ্য পরিবেশে সম্পন্ন করতে হবে। এ লক্ষ্যে কেন্দ্র সচিবসহ পরীক্ষা-সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীকে সর্বোচ্চ দায়িত্বশীলতা, সততা ও জিরো-টলারেন্স নীতি অনুসরণের নির্দেশনা প্রদান করেন।

মাননীয় উপাচার্য পরীক্ষার্থীদের নির্ভুল পরিচয় নিশ্চিত করতে ছবিযুক্ত ডিজিটাল প্রবেশপত্র (Admit Card) বাধ্যতামূলকভাবে ব্যবহার এবং দ্রুত শিক্ষার্থীর পরিচয় যাচাইয়ের জন্য কিউআর (QR) কোডভিত্তিক ভেরিফিকেশন ব্যবস্থা কার্যকর করার নির্দেশ দেন। তিনি বলেন, প্রযুক্তিনির্ভর এই উদ্যোগ পরীক্ষার স্বচ্ছতা ও নিরাপত্তা নিশ্চিতকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

তিনি আরও নির্দেশনা দেন যে, পরীক্ষা শেষে ১৫ দিনের মধ্যে মূল হাজিরা শিটে অনুপস্থিত থাকা সত্ত্বেও পরীক্ষা দেওয়ার মতো কোনো অসঙ্গতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট উত্তরপত্র দ্রুত শনাক্ত করে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

মাননীয় উপাচার্য উত্তরপত্র বণ্টন ও মূল্যায়ন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করে বলেন, উত্তরপত্রের নিরাপত্তা, গোপনীয়তা এবং মূল্যায়নের প্রতিটি ধাপে সর্বোচ্চ নিরপেক্ষতা, পেশাদারিত্ব ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

উপাচার্য আরও আশাবাদ ব্যক্ত করেন যে, বিশ্ববিদ্যালয়ের অর্গানোগ্রাম (Organogram) দ্রুত চূড়ান্ত হলে দীর্ঘদিনের জনবল ও প্রশাসনিক কাঠামোগত সমস্যার কার্যকর সমাধান সম্ভব হবে। তিনি পরীক্ষা চলাকালীন জরুরি যোগাযোগের ক্ষেত্রে ব্যক্তিগত নম্বরের পরিবর্তে সংশ্লিষ্ট অফিশিয়াল নম্বর ব্যবহারের আহ্বান জানান।

পরীক্ষা ব্যবস্থাপনাকে আরও আধুনিক, কার্যকর ও প্রযুক্তিনির্ভর করতে একটি কেন্দ্রীয় কন্ট্রোল রুম গঠনের ঘোষণা দেন তিনি। পাশাপাশি শিক্ষার্থীদের জন্য দ্রুত, সহজ ও উন্নত সেবা নিশ্চিত করতে খুব শিগগিরই বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ডিজিটাল প্ল্যাটফর্ম 'MyBOU App' উদ্বোধন করা হবে বলেও জানান।

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ হাবিবুল্যাহ মাহামুদ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান এবং মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। সভায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, ওপেন স্কুলের ডিন, এইচএসসি পরীক্ষা-২০২৬ কমিটির সভাপতি, এসএসএস বিভাগের পরিচালক, আইসিটি উপদেষ্টা এবং দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত বাউবি'র আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

সভার সমাপনী বক্তব্যে পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ হাবিবুল্যাহ মাহামুদ পরীক্ষার সর্বোচ্চ গোপনীয়তা, স্বচ্ছতা ও নিরপেক্ষতা বজায় রেখে বাউবি'র মর্যাদা ও সুনাম অক্ষুণ্ন রাখতে সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কর্মকর্তাকে আন্তরিকতা, সততা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানান। তিনি সংশ্লিষ্ট সকলের সম্মিলিত প্রচেষ্টায় একটি সফল, গ্রহণযোগ্য ও আদর্শ পরীক্ষা আয়োজনের প্রত্যাশা ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)



Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd